

AKASHVANI (AIR)
RNU : KOLKATA
Bengali Text Bulletin

Date: 02.10.2024

Time: 7-50 P.M

বিশেষ বিশেষ খবর -

- ১) রেলমন্ত্রী অশ্বিনী বৈষণ রাজ্য একাধিক রেল প্রকল্পের উদ্বোধন ও সূচনা করেছেন। বলেছেন, রাজ্য সরকারের সহায়তা না মেলায় পশ্চিমবঙ্গে ৬১-টি রেল প্রকল্পের কাজ থমকে রয়েছে।
- ২) উৎসবের দিনগুলিতে শান্তিশৃঙ্খলা বজায় রাখতে পুজো উদ্যোগাদের পুলিশের সঙ্গে সমন্বয় বজায় রাখার আহ্বান জানিয়েছেন মুখ্যমন্ত্রী।
- ৩) আর জি কর কান্ডের প্রতিবাদ ও ন্যায় বিচারের দাবিতে আজ ফের পথে নেমেছে জুনিয়ার ডাক্তাররা। কলেজ স্কোয়ার থেকে ধর্মতলা পর্যন্ত মিহিলে অংশ নিয়েছেন সমাজের সকলস্তরের মানুষ।
- ৪) দক্ষিণ কলকাতার বাঁশদ্রোগীর দীনেশ পল্লীতে জে সি বি-র ধাক্কায় ছাত্র মৃত্যুকে কেন্দ্র করে আজ দফায় দফায় উভেজনা ছড়িয়েছে।
- ৫) সারা দেশের সঙ্গে এরাজ্যও জাতিরজনক মহাআয়া গান্ধীর ১৫৫-তম জন্ম বার্ষিকীতে তাঁকে স্মরণ করা হচ্ছে। স্বচ্ছ ভারত মিশনের ১০ বছর উপলক্ষে প্রধানমন্ত্রী আজ স্বচ্ছতাই সেবা কর্মসূচীতে অংশ নিয়েছেন।
- ৬) আজ মহালয়া। সকাল থেকেই গঙ্গা সহ নদ-নদীর ঘাটে পূর্ব পুরুষদের উদ্দেশে তর্পন করেছেন অসংখ্য মানুষ।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্য সরকারের সহায়তা না মেলায় পশ্চিমবঙ্গে ৬১টি রেল প্রকল্পের কাজ থমকে রয়েছে বলে রেলমন্ত্রী তথা তথ্য ও সম্প্রচার এবং তথ্য ও প্রযুক্তি মন্ত্রী অশ্বিনী বৈষম্যের জানিয়েছেন। শিয়ালদহ স্টেশনে আজ রেলের কয়েকটি পরিষেবার উদ্বোধন করে তিনি বলেন, আটকে থাকা এই প্রকল্পগুলির জন্য অনুমোদন এবং অর্থ বরাদ্দ হয়ে গেছে। রেলমন্ত্রক যথাসাধ্য চেষ্টা চালিয়ে যাচ্ছে। জমি অধিগ্রহণ এর মতো বিষয়ে রাজ্য সরকারের সহায়তা ও অনুমোদন পাওয়া গেলে প্রকল্পের কাজ দ্রুত সম্পন্ন করা সম্ভব হবে।

(বাইট)

রাজ্যের মানুষের স্বার্থে রাজনীতির উর্ধ্বে উঠে প্রকল্পগুলিতে সহায়তা করার জন্য তিনি রাজ্য সরকারের কাছে আবেদন জানিয়েছেন। শ্রী বৈষম্যে বলেন, ইউপিএ সরকারের আমলে রাজ্যের বর্তমান মুখ্যমন্ত্রী, রেলমন্ত্রী থাকাকালীন যেখানে মাত্র ৪ হাজার ৩৮০ কোটি টাকা বরাদ্দ হয়েছিল, সেখানে এনডিএ সরকার রেলের উন্নয়নে ১৩ হাজার ৯ শো ৪১ কোটি টাকা বরাদ্দ করেছে।। পাশাপাশি এনডিএ সরকার ক্ষমতায় আসার পর মাত্র ১০ বছরে ৩৮ কিলোমিটার মেট্রি পথের কাজ হয়েছে। উল্লেখ্য, শ্রী বৈষম্যের আজ শিয়ালদহ ডিভিশনে রেলের কোচের সংখ্যা ৯ থেকে ১২তে পরিণত করা, ১২ বগির ইএমইউ লোকাল ট্রেনের জন্য প্ল্যাটফর্ম সম্প্রসারণ, ১২ কোচের শিয়ালদা-রানাঘাট ইএমইউ পরিষেবার সূচনা করেছেন। আজিমগঞ্জ থেকে কাশিমবাজার ও কৃষ্ণনগর থেকে আজিমগঞ্জ পর্যন্ত ট্রেন পরিষেবা এবং রাধিকাপুর থেকে নতুন দিল্লি ট্রেন পরিষেবার সূচনা করেছেন রেলমন্ত্রী। শিয়ালদহ স্টেশনে রেল কোচ রেস্টুরেন্টেরও উদ্বোধন করেন তিনি। অনুষ্ঠান মধ্যে উপস্থিত ছিলেন জাহাজ প্রতিমন্ত্রী শান্তনু ঠাকুর।

এর আগে সকালে কলকাতায় ব্রেথওয়েট অ্যান্ড কোম্পানি লিমিটেডের কারখানা পরিদর্শন করে স্বচ্ছতা হি সেবা কর্মসূচিতে অংশ নেন। তিনি বলেন, বহু পুরনো এই সংস্থা দীর্ঘদিন লোকসানে চলছিল। বর্তমান সরকার ক্ষমতায় এসে সংস্থাকে পুনরুজ্জীবিত করেছে। এরপর বেলেঘাটা গান্ধী ভবনে গিয়ে শ্রী বৈষ্ণব গান্ধী মূর্তিতে মালা দিয়ে শ্রদ্ধা জানান।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি আসন্ন উৎসবের দিনগুলিতে শান্তি শৃঙ্খলা বজায় রাখতে পুজো উদ্যোগাদের পুলিশের সঙ্গে সমন্বয় বজায় রাখার উপর জোর দিয়েছেন। কলকাতায় আজ ত্রিমূল কংগ্রেসের দলীয় মুখ্যপত্র জাগো বাংলার উৎসব সংখ্যার আনুষ্ঠানিক প্রকাশ করে মুখ্যমন্ত্রী বলেন, এখন শুধুমাত্র কলকাতায় নয়, জেলাতেও বড় বড় পুজো আয়োজন করা হচ্ছে। সেখানে বহু মানুষের ভিড় হয়। পুজো সুশ্রাবণভাবে সম্পন্ন করতে পুলিশের সঙ্গে উদ্যোগাদের লাগাতার সমন্বয় রক্ষা প্রয়োজন।

(বাইট - মুখ্যমন্ত্রী)

এদিন মুখ্যমন্ত্রী নিজের কথা ও সুরে দশটি গানের একটি পুজো অ্যালবামও প্রকাশ করেন। অঞ্জলি নামের ওই অ্যালবামে গান গেয়েছেন, ইন্দ্রনীল সেন, শ্রীরাধা বন্দোপাধ্যায়, নচিকেতা চক্ৰবৰ্তী, রাঘব চট্টোপাধ্যায়, অদিতি মুনি, দেবজ্যোতি বসুর মত শিল্পীরা।

এর আগে মুখ্যমন্ত্রী হাতিবাগান সর্বজনীনের পুজো উদ্বোধন করেন। তিনি মানুষকে বানভাসি এলাকার মানুষের পাশে থাকার আর্জি জানান। রাজ্যজুড়ে এদিন প্রায় ১ হাজার পুজোর উদ্বোধন করেন তিনি।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

আর জি কর কান্ডের প্রতিবাদ ও ন্যায় বিচারের দাবিতে জুনিয়ার ডাক্তাররা আজ ফের মহা মিছিল করছেন। ওয়েস্ট বেঙ্গল জুনিয়ার ডক্টর্স ফন্টের ডাকা এই মিছিলে অংশ নিয়েছেন সমাজের সর্বস্তরের মানুষ। দুপুর ২-টো নাগাদ মিছিল শুরু হয়। কলেজ স্কোয়ার থেকে সেন্ট্রাল অ্যাভিনিউ হয়ে মিছিল এখন ধর্মতলায়। সেখানে সভা মঞ্চে জুনিয়ার ডাক্তারদের তরফে ডক্টর দেবাশিষ হালদার বলেন, তাঁদের লড়াই সুরক্ষার দাবিতে। দাবিগুলি মানা হলে, তাঁরাও কর্মবিরতি প্রত্যাহার করে কাজে ফিরতে চান। ফের স্বাস্থ্য সচিবকে পদ থেকে সরানোর দাবির কথা উল্লেখ করেন তিনি।

(বাইট - দেবাশিষ হালদার)

আগেই জানানো হয়েছে, আর জি কর কান্ডে নির্যাতিতার ন্যায়বিচার, চিকিৎসকদের নিরাপত্তা এবং স্বাস্থ্য ক্ষেত্রে সার্বিক দুর্নীতির বিরুদ্ধে জুনিয়ার ডাক্তাররা ফের আন্দোলন শুরু করেছে। তারা পালন করছেন পূর্ণ কর্মবিরতি।

আজ সকালে আর জি কর মেডিকেল কলেজ রেসিডেন্ট ডক্টর্স অ্যাসোসিয়েশনের পক্ষ থেকে নির্যাতিতার স্মৃতিতে তাঁর প্রতিকৃতি স্থাপন করা হয়।

সিবিআই-এর তিন সদস্য আজ নির্যাতিতা তরুণী চিকিৎসকের বাড়িতে গিয়ে তার পরিবারের সঙ্গে সাক্ষাৎ করেছেন।

বিভিন্ন জেলাতেও আজ প্রতিবাদ বিক্ষোভ কর্মসূচী আয়োজন করা হয়েছে। জলপাইগুড়ির কদমতলা মোড়ে নাচ-গান-কবিতা পথ নাটকের মাধ্যমে প্রতিবাদে সামিল হয়েছেন মানুষ।

পুরুলিয়ার শশধর গাঙ্গুলী রোড সর্বজনীন দুর্গাপুজো কমিটির পক্ষ থেকে আজ সকালে মহিলারা কালো শাড়ি পরে, কালো বেলুন হাতে অভিনব প্রতিবাদ কর্মসূচীতে সামিল হন।

চিকিৎসার গাফিলতিতে প্রসূতি মৃত্যুর অভিযোগকে কেন্দ্র করে আজ বাঁকুড়ার রায়পুর গ্রামীণ হাসপাতালে তীব্র বিক্ষেপ দেখিয়েছেন পরিজনেরা। এই ঘটনাকে কেন্দ্র করে তীব্র উত্তেজনা সৃষ্টি হয়। জানা গেছে, গত সোমবার স্থানীয় করগলি গ্রামের বাসিন্দা মামনি দুলে প্রসব যন্ত্রনা নিয়ে রায়পুর গ্রামীণ হাসপাতালে ভর্তি হন। গতকাল ভোর রাতে তিনি কন্যা সন্তানের জন্ম দেন। প্রসবের পরই মামনির শারীরিক অবস্থার অবনতি হতে থাকে। পরিবারের অভিযোগ হাসপাতালের দায়িত্বপ্রাপ্ত চিকিৎসক ও নার্সদের নজরে আনলেও বিষয়টিকে তারা গুরুত্ব দেননি। এরপর শারীরিক অবস্থার আরও অবনতিতে তাকে নিকটবর্তী সারেঙ্গা সেবামিশন হাসপাতালে নিয়ে যাওয়া হয়। সকাল ৯-টা নাগাদ ওই মহিলার মৃত্যু হয়। এরপরই পরিজনেরা হাসপাতালের সামনে জমায়েত করে বিক্ষেপ দেখাতে থাকেন। হাসপাতাল কর্তৃপক্ষের বক্তব্য অবশ্য জানা যায়নি।

০০০০০০০০০০০০০০০০০০০

দক্ষিণ কলকাতার বাঁশদ্রোণীর দীনেশ পাঞ্জীতে জেসিবি-র ধাক্কায় আজ সকালে নবম শ্রেণীর এক ছাত্রের মৃত্যুকে কেন্দ্র করে দফায় দফায় উত্তেজনা ছড়িয়েছে। জানা গেছে, দীর্ঘদিন ধরে বাঁশদ্রোণী এলাকার বিরাট অংশে রাস্তা খোঁড়াখুঁড়ির কাজ চলেছে। ফলে বেহাল যাতায়াত ব্যবস্থা। বারবার প্রশাসনকে জানিয়েও কোন লাভ হয়নি। এদিন সকালে সৌম্য শীল নামে নবম শ্রেণীর একটি ছাত্র কোচিং সেন্টার যাওয়ার পথে একটি জে সি বি তাকে আঘাত করে। হাসপাতালে নিয়ে যাওয়া হলেও ছাত্রটিকে বাঁচানো যায়নি।

এরপর, এলাকার মানুষ দফায় দফায় বাঁশদ্রোণী থানায় বিক্ষেপ দেখাতে শুরু করেন। জে সি বি-টি ভাঙ্চুর করা হয়। পাটুলি থানার ওসি সেখানে গেলে তাকে ঘিরেও চলে বিক্ষেপ। দীর্ঘক্ষণ তাকে আটকে রাখা হয়। বাসিন্দাদের অভিযোগ সে সময় এলাকার শাসক দলের কর্মী বলে পরিচিত কয়েকজন তাদের ওপর চড়াও হয়। মারধোরও করা হয় কয়েকজনকে। পরে বিরাট পুলিশ বাহিনী ঘটনাস্থলে পৌঁছে ওসি-

কে উদ্ধার করে। এলাকার বাসিন্দারা স্থানীয় কাউন্সিলার অনিতা কর মজুমদারের সঙ্গে দেখা করার দাবি তুললেও, তিনি সেখানে ঘাননি বলে অভিযোগ।

বিকেলেও পরিস্থিতির কোন বদল হয়নি। কলকাতা পুলিশের ডিসি, (দক্ষিণ শহরতলি) বিদিশা কোলিতা দাশগুপ্ত এবং অ্যাসিস্ট্যান্ট কমিশনার প্রদীপ ঘোষাল সেখানে পৌঁছালে তাদের বিক্ষেপ দেখানো হয়। কাউন্সিলারের সঙ্গে দেখা করার দাবিতে অনড় স্থানীয়রা। পরিস্থিতির জন্য তাঁরা রাস্তার বেহাল দশা এবং প্রশাসনিক ব্যর্থতাকেই দায়ী করেছেন।

এদিকে পুলিশ এই ঘটনায় কয়েকজনকে আটক করেছে বলে খবর। জে সি বি-র চালক পলাতক। তাঁর সন্ধান চলছে। এলাকায় মোতায়েন করা হয়েছে বিশাল পুলিশ বাহিনী।

বাঁশদ্রোগীতে পুলিশকে বিক্ষেপের হাত থেকে বাঁচানোর জন্য তৃণমূলের নেতা কর্মীদের এগিয়ে আসা প্রসঙ্গে সিপিআই এম-এর কেন্দ্রীয় কমিটির সদস্য সুজন চক্রবর্তী বলেন –

(বাইট - সুজন)

এদিকে, এই ঘটনা সম্পর্কে কলকাতা পুরসভার মেয়র পারিষদ দেবাশীষ কুমার বলেন ওই এলাকায় উন্নত নিকাশি ব্যবস্থা তৈরির কাজ চলছে। আরও সাবধানতা অবলম্বন করা উচিত।

(বাইট)

০০০০০০০০০০০০০০০০০০০০০০

সারা দেশের সঙ্গে এরাজ্যেও আজ জাতির জনক মহাত্মা গান্ধীর ১৫৫-তম জন্মবার্ষিকীতে সশ্রদ্ধ চিত্তে তাঁকে স্মরণ করছে। গান্ধীঘাটে মহাত্মার স্মারক স্মৃতি স্তম্ভ

পুষ্পার্ঘ্য অর্পণ করে শ্রদ্ধা জানান। বিশেষ প্রার্থনা সভা আয়োজনের পাশাপাশি বাজানো হয় রামধূন।

মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি, এক্স হ্যান্ডেলের এক বার্তায় বলেন, গান্ধীজীর অহিংসা, সত্য ও একতার বাণী আজ'ও প্রতিদিন আমাদের অনুপ্রাণিত করে। তাঁর অহিংসা ও সহিষ্ণুতার পথ অনুসরণ করার'ও আহ্বান জানান মুখ্যমন্ত্রী।

পুরভবনে গান্ধীজীর প্রতিকৃতিতে পুষ্পার্ঘ্য নিবেদন করে শ্রদ্ধা জানান মেয়র পারিষদ দেবাশীষ কুমার।

গান্ধী জয়ন্তী উপলক্ষ্যে কলকাতায় প্রদেশ কংগ্রেস কার্যালয় বিধান ভবনে আজ এক অনুষ্ঠানে তাঁর প্রতি শ্রদ্ধা নিবেদন করেন প্রদেশ সভাপতি শুভক্ষে সরকার সহ প্রদেশ কংগ্রেসের নেতৃবৃন্দ। আয়োজন করা হয় পদযাত্রারও।

প্রাক্তন প্রধানমন্ত্রী লাল বাহাদুর শাস্ত্রীর ১২১ তম জন্মদিন উপলক্ষ্যে প্রদেশ কংগ্রেস এর রাজ্য সভাপতি শুভক্ষে সরকার সহ প্রদেশ কংগ্রেসের অন্যান্য নেতৃবৃন্দ লাল লাল বাহাদুর শাস্ত্রী কে স্মরণ করেন ও শ্রদ্ধা নিবেদন করেন।

০০০০০০০০০০০০০০০০০০০

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি বলেছেন, পরিচ্ছন্ন ভারতের স্বপ্ন সফল করতে ধারাবাহিকভাবে আমাদের প্রচেষ্টা চালিয়ে যেতে হবে। নতুন দিল্লিতে আজ তিনি স্বচ্ছ ভারত মিশনের ১০ বছর উপলক্ষ্যে স্বচ্ছতা হি সেবা ২০২৪ কর্মসূচিতে বক্তব্য রাখতে গিয়ে বলেন, পরিচ্ছন্নতা অভিযানকে দেশের 140 কোটি মানুষ জন আন্দোলনে পরিণত করেছেন, তিনি তাদের এজন্য ধন্যবাদ জানান। তিনি বলেছেন স্বচ্ছতা ভারত মিশনকে সফল করে তুলতে প্রতিটি দেশবাসী গুরুত্বপূর্ণ ভূমিকা নিয়েছেন।

আকাশবাণী সহ বিভিন্ন কেন্দ্রীয় সরকারী দফতরে আয়োজন করা হয় স্বচ্ছতা অভিযান।

০০০০০০০০০০০০০০০০০০০

আজ মহালয়া। পিতৃপক্ষের অবসান। প্রতিবারের মতো এবারেও আকাশবাণীর বিশেষ প্রভাতী অনুষ্ঠান ‘মহিষাসুরমর্দিনী’, বয়ে আনে দেবী দুর্গার আগমণ বার্তা। এবছর প্রচারিত হয় আকাশবাণীর সংগ্রহশালা থেকে ১৯৭২ সালের সংকলন।

(গান- আহম)

এদিকে, ভোর থেকেই গঙ্গা সহ বিভিন্ন নদনদীর ঘাটে পূর্বপুরুষদের উদ্দেশে তর্পণ করতে সমবেত হয়েছেন অসংখ্য মানুষ। এর জন্য ঘাটগুলিতে বাড়ানো হয়েছে নিরাপত্তা।

মুশিদাবাদ ও জঙ্গীপুর দুই পুলিশে জেলায় ভাগিরথীর প্রায় ৩০টি ঘাটে, পূর্ব বর্ধমানের কাটোয়া কালনায় দামোদরের ঘাটগুলিতে, হাওড়ার রামকৃষ্ণপুর গঙ্গার ঘাটে, বাঁকুড়া জেলারও বিভিন্ন নদ নদী ও জলাশয়গুলিতে সকাল থেকে তর্পণ করতে আসেন মানুষজন।

আর জি কর কান্তে আজ সিউড়ির তিলপাড়া জলাধারে অভরয়ার তর্পণ করেন বিজেপি নেতা কর্মীরা।

০০০০০০০০০০০০০০০০০০০

০০০০০০০০০০০০০০০০